দৈনিক জনকণ্ঠ

97

তারিখ ··· NOV. ২৪·১৯৯৮ ···
পৃষ্ঠা ১ কলাম ২

# ওএমআর টেকনোলজিতে আজ দেশজুড়ে ডিগ্রী পরীক্ষা

স্টাফ রিপোর্টার ॥ আজ রবিবার দেশজুড়ে শুরু হচ্ছে ডিগ্রী পরীক্ষা। কম্পিউটার প্রযুক্তি (ওএমআর) ব্যবহার করে এই প্রথম ডিগ্রী পরীক্ষা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। এসএসসি এবং এইচএসসি পরীক্ষার পর এবার ডিগ্রী পরীক্ষা কার্যক্রম আধুনিক এই পদ্ধতিতে সম্পন্ন করা হবে। এদিকে পরীক্ষা শুরুর আগে শনিবার পর্যন্ত সহস্রাধিক পরীক্ষার্থীর প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে ভুলত্রুটি ধরা পড়েছে। উদ্বিগ্ন পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে এসে ভিড় জমান গাজীপুরস্থ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে ভুল ও অসঙ্গতির কারণে তাদের ভোগান্তি হয়। অবশ্য শনিবার রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব ভুল সংশোধন করেছে। কর্তৃপক্ষ আশ্বাস দিয়েছে যে, এ ভুলের জন্য কোন পরীক্ষার্থীর পরীক্ষা আটকে থাকবে না। পরীক্ষা কেন্দ্র ও কলেজ কর্তৃপক্ষকে এ ব্যাপারে নির্দেশনা দেয়া হয়েছে।

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ডিগ্রী পরীক্ষা শুরু করার জন্য যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ বছর সারা দেশে ২ লাখ ৬৮ হাজার ৩শ' ৬৯ ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষায় অংশ নেবে। এদের মধ্যে পুরুষ ১ লাখ ৮৪ হাজার ৬৭ জন এবং মহিলা ৮৪ হাজার ৩শ' ১২ জন। এ বছর বিএ পরীক্ষায় ১ লাখ ২৬ হাজার ৫শ' ৭১ জন, বিএসএস পরীক্ষায় ৭৮ হাজার ৮শ' ৫৬ জন, বিএসসি পরীক্ষায় ২০ হাজার ৭শ' ৫০ জন, বিকম পরীক্ষায় ৩৯ হাজার ৯৫ জন, বি মিউজ পরীক্ষায় ৩০ জন এবং সার্টিফিকেট কোর্সে ৩ হাজার ৭৭ জন পরীক্ষার্থী অংশ নেবে। মোট ২৪টি সাব সেন্টারসহ ৫শ' ৯১টি কেন্দ্রে একযোগে পরীক্ষা চলবে।

জানা যায়, এ বছর যথাসময়ে সব কলেজে প্রবেশপত্র পৌঁছেনি। আবার সহস্রাধিক পরীক্ষার্থীর প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন নম্বরে ভুল বা অসঙ্গতি ছিল। গত শুক্র ও শনিবার দিনরাত অসামান্য পরিশ্রমের পর বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা এসব ত্রুটি সংশোধন করেন। এর পরও ত্রুটি থাকলে তা সংশোধনের নির্দেশনা পাঠিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শনিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে সুষ্ঠু, দুর্নীতি ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করার জন্য জেলা প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থা, ছাত্র, শিক্ষক ও অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি যে কোন ঝুঁকি ও ত্যাগের

(১১ পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ওএমআর টেকনোলজিতে

(প্রথম পাতার পর)

বিনিময়ে অগ্রণী ভূমিকা নিয়ে অভিভাবক ও প্রশাসনের সঙ্গে যৌথ উদ্যোগে ডিগ্রী পরীক্ষায় দায়িত্ব নিষ্ঠা ও সাহস নিয়ে পালনের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছে।

বরগুনা থেকে জনকণ্ঠের নিজস্ব সংবাদদাতা জানান, আমতলী ডিগ্রী কলেজের চার ডিগ্রী পরীক্ষার্থীর প্রবেশপত্র শনিবার দুপুর পর্যন্ত না পৌঁছায় বিক্ষুব্ধ ছাত্ররা অধ্যক্ষের কক্ষ ভাংচুর করে।

করটিয়া থেকে সংবাদদাতা জানান, করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজের ৪১ পরীক্ষার্থীর প্রবেশপত্র শনিবার সন্ধ্যা পর্যন্ত কলেজে পৌঁছেনি।

ঝালকাঠি থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষা শুরুর ২০ ঘণ্টা আগে নলছিটি থানার মোল্লারহাট জে. ডে. ভুট্টো কলেজ উপকেন্দ্রটি এক ফ্যাক্স বার্তার মাধ্যমে বাতিল করায় ১শ' ২৪ পরীক্ষার্থী বিপাকে পড়েছে। আকস্মিক এই সিদ্ধান্তে সংশ্লিষ্ট সকলে হতবাক হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, চট্টগ্রামে ভুলে ভরা বেশ কিছু প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড নিয়ে কলেজ কর্তৃপক্ষ বিপাকে পড়েছে। পরীক্ষার পূর্বদিন শনিবার পর্যন্ত সংশোধিত প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড সংশ্লিষ্ট কলেজে না পৌঁছায় ছাত্রছাত্রী ও অভিভাবকদের মাঝে উৎকণ্ঠা বিরাজ করছে। এছাড়া নগরীর বিভিন্ন কলেজে প্রবেশপত্র প্রদানকালে কলেজ ছাত্র সংসদ ও ছাত্র সংগঠনের নামে ছাত্রছাত্রীদের কাছ থেকে জোরপূর্বক মোটা অঙ্কের চাঁদা আদায় করা হয়েছে।

অপরদিকে শনিবার নগরীর কয়েকটি বেসরকারী কলেজে প্রবেশপত্র প্রদানে ব্যাপক অব্যবস্থাপনা ও অনিয়ম লক্ষ্য করা গেছে। নগরীর ওমরগনি এমইএম কলেজে বেশকিছু ছাত্রছাত্রীর প্রবেশপত্র অন্যজনকে সরবরাহের ঘটনা ঘটেছে। প্রবেশপত্র তুলতে গিয়ে ছাত্রছাত্রীদের ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়িয়ে দুর্ভোগ পোহাতে দেখা যায়।